গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## মনছুর আলী চৌধুরী
জেলা প্রাথমিক শিক্ষা অফিসার
**কক্সবাজার।**

এবং

## গুলশান আক্তার
উপজেলা শিক্ষা অফিসার
উখিয়া,কক্সবাজার।
-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই, ২০২৩ - ৩০ জুন, ২০২৪

# সূচিপত্র

## উপজেলা শিক্ষা অফিস,উখিয়া,কক্সবাজার কর্মসম্পাদনের সার্বিক চিত্র ও তথ্যাদিঃ



| বিষয় | পৃষ্ঠা নং |
|---|---|
| কর্মসম্পাদনের সার্বিক চিত্রঃ<br>[ সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ, সমস্যা ও চ্যালেঞ্জ সমূহ ] | ৩ |
| প্রস্তাবনাঃ<br>[ ভবিষ্যৎ পরিকল্পনা ও ২০২৩-২৪ অর্থ বছরের সম্ভাব্য অর্জনসমূহ ] | ৪ |
| সেকশন ১: উপজেলা শিক্ষা অফিস, উখিয়া, কক্সবাজার রূপকল্প (Vission), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলী | ৬ |
| সেকশন ২: বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/ প্রভাব<br>( Outcome/Impact )<br>[ প্রকৃত অর্জন, লক্ষ্যমাত্রা ও প্রক্ষেপণ ] | ৭ |
| সেকশন ৩: কর্মসম্পাদনের ক্ষেত্র, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদনসূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ<br>[ প্রকৃত অর্জন, লক্ষ্যমাত্রা ও প্রক্ষেপণ ] | ৮ |
| সংযোজনী ১: শব্দসংক্ষেপ | ১৪ |

| | |
|---|---|
| সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক | ১৫ |
| সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ | ১৬ |
| সংযোজনী-৪-৮. সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ -- --১৬-২৭ | ১৭ |
| সংযোজনী ৫: জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩ | ১৮ |
| সংযোজনী ৬: ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২২-২৩ | ২৩ |
| সংযোজনী ৭: অভিযোগ প্রতিকার ব্যবস্থা কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩ | ২৪ |
| সংযোজনী ৮: সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩ | ২৫ |
| সংযোজনী ৯: তথ্য অধিকার বিষয়ে বার্ষিক কর্মপরিকল্পনা, ২০২২-২৩ | ২৬ |
| পরিশিষ্টগ- ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সময়সূচি (এপিএ ক্যালেন্ডার) | ২৭ |

# উপজেলা শিক্ষা অফিস, উখিয়া, কক্সবাজার এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র

(Overview of the Performance of the Upazila Education Office , Ukhiya, Cox'sbazar)

## সাম্প্রতিক বছরসমূহের ( ৩ বছর ) প্রধান অর্জনসমূহঃ

প্রাথমিক শিক্ষার গুরুত্ব উপলব্ধি করে বর্তমান সরকার সমতাভিত্তিক ও মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। শিক্ষক : শিক্ষার্থী অনুপাত হ্রাসকরণের লক্ষ্যে এ উপজেলাধীন নতুন প্রাক-প্রাথমিক শিক্ষকের পদ সৃষ্টিসহ সহকারী শিক্ষক পদে নিয়োগ ও প্রধান শিক্ষক (চলতি দায়িত্ব) পদে পদোন্নতি প্রদান করা হয়েছে। বিদ্যালয় পর্যায়ে শিক্ষার অনুকূল পরিবেশ সৃষ্টির লক্ষ্যে নলকূপ স্থাপন ও ওয়াশ ব্লক নির্মাণ, নতুন ভবন নির্মাণ, সীমানা প্রাচীর নির্মাণ, কক্ষ সম্প্রসারণ এবং মেরামত ও সংস্কার কাজ, রুটিন মেইনটেন্যান্স কাজ করা হয়েছে বা চলমান রয়েছে। বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণের লক্ষ্যে শতভাগ শিক্ষার্থীর মাঝে প্রতি বছরের ন্যায় ২০২৩ সালেও বিনামূল্যের পাঠ্যবই বিতরণ করা হয়েছে। তথ্য প্রযুক্তির সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকল্পে একটি শ্রেণিকক্ষ ল্যাপটপ/মাল্টিমিডিয়া প্রজেক্টরসহ ডিজিটালাইজড করা হচ্ছে। এছাড়া ঝরে পড়া রোধসহ প্রাথমিক শিক্ষা সমাপনের লক্ষ্যে দরিদ্র পরিবারের শিক্ষা সহায়তা কার্যক্রমের আওতায় ১০০% শিক্ষার্থীকে অর্থ মন্ত্রণালয়ের সহায়তায় iBAS++ এর আওতায় G2P পেমেন্ট EFT সিস্টেমে মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে উপবৃত্তি প্রদান করা হচ্ছে। প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য স্থানীয় উদ্যোগে এবং অভিভাবকগণের সহায়তায়ও বাড়ি থেকে দুপুরের খাবার এনে মিড-ডে মিল চালুর ব্যবস্থা গ্রহণ করা হয়েছে এবং চলমান রয়েছে। বিদ্যালয়ভিত্তিক উন্নয়ন পরিকল্পনা বিকেন্দ্রীকরণের লক্ষ্যে প্রাথমিক বিদ্যালয়ে SEM বাস্তবায়নের জন্য বিদ্যালয় প্রতি শিক্ষার্থী অনুপাতে বাৎসরিক ৫০ হাজার, ৭০ হাজার, ৮৫ হাজার, ১ লক্ষ টাকা করে বরাদ্দ প্রদান করা হচ্ছে। প্রতি বছর নিয়মিতভাবে প্রাথমিক বৃত্তি পরীক্ষা গ্রহণ করা হচ্ছে। সকল বিদ্যালয়ের অংশগ্রহণে আন্তঃ প্রাথমিক বিদ্যালয় ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা এবং বঙ্গবন্ধু ও বঙ্গমাতা গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট পরিচালিত হয়ে আসছে। অনলাইনে শ্রেণি কার্যক্রম ও অন্যান্য কার্যক্রম চালু রাখার জন্য ৫৪ টি বিদ্যালয়ে ওয়ফাই সংযোগ প্রদান করা হয়েছে।

## সমস্যা ও চ্যালেঞ্জসমূহঃ

মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণ, ঝরে পড়া হ্রাসকরণ এবং যে কোন ধরণের অনাকাংখিত পরিস্থিতিতে স্বাভাবিক পাঠদান কার্যক্রম অব্যাহত রাখা। এছাড়াও প্রাথমিক শিক্ষার প্রধান প্রধান সমস্যা ও চ্যালেঞ্জসমূহ হচ্ছে শিক্ষক নিয়োগ, ভবন/শ্রেণিকক্ষ নির্মাণ ও সংস্কারের মাধ্যমে শিক্ষক-শিক্ষার্থী এবং শ্রেণিকক্ষ-শিক্ষার্থীর কাঙ্খিত অনুপাত অর্জন নিশ্চিত করা ও কাঙ্খিত গুণগত শিক্ষা নিশ্চিত করা । শিক্ষক কর্তৃক শ্রেণিকক্ষে গতানুগণিক পাঠদানের প্রবণতা পরিহার করে পদ্ধতি মাফিক পাঠদানে অভ্যস্ত করা। হত দরিদ্র পরিবারের শিশুদেরকে বিদ্যালয়ের পরিবর্তে শ্রমঘন কর্মসংস্থানে প্রেরণ নিরুৎসাহিত করা । বৈশ্বিক মহামারি করোনাকালীন পরিস্থিতিতে দীর্ঘদিন বিদ্যালয় বন্ধকালীন শিশুদের ঝরে পড়া রোধ ও পাঠে অভ্যস্ত বা পাঠের ধারাবাহিকতা ধরে রাখার জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষ বা সদাশয় সরকার কর্তৃক বিভিন্ন সময় গৃহীত বিভিন্ন কর্মসূচি ও পদক্ষেপের মধ্যে অন্যতম হচ্ছে- নিয়মিত হোমভিজিট করা, তদারকি করা, শিক্ষার্থীদের শিখন ঘাটতি পূরণে সাপ্তাহিক ও ধারাবাহিক মূল্যায়নে অংশগ্রহণ নিশ্চিত করা, অভিভাবক-শিক্ষার্থীকে সচেতনতার মাধ্যমে বাড়িতে পড়াশুনার পরিবেশ সৃষ্টি করে তা বাস্তবায়ন নিশ্চিত করা । বাড়িতে এবং বিদ্যালয়ে RICK প্রকল্পের আওতায় সকল শিক্ষার্থীর জন্য স্বাস্থ্য সুরক্ষা সামগ্রী ব্যবহার ও স্বাস্থ্যবিধি নিশ্চিত করার জন্য সচেতন করা এবং বিদ্যালয়ে শিখন শেখানো পরিবেশ সৃষ্টির মাধ্যমে মানসম্মত শিক্ষা নিশ্চিত করা ।

## ভবিষ্যৎ পরিকল্পনাঃ-

যে কোন পরিবেশ পরিস্থিতি এবং সংকটকালীন সময়ে রিমোট লার্নিং প্লাটফর্মের মাধ্যমে ব্লেন্ডিং পদ্ধতিতে পাঠদান কাঁযক্রম স্বাভাবিক রাখা হবে। শিখন ঘাটতি পূরণে শিক্ষক, শিক্ষার্থী, অভিভাবকসহ সকলের আন্তরিক সহযোগিতায় মানসম্মত পাঠদান কার্যক্রম পূর্বের ন্যায় স্বাভাবিক ও অব্যাহত রাখা । Civil Registration & Vital Statistics (CRVS) এর সাথে সম্পৃক্ততা বজায় রেখে সকল শিক্ষার্থীর ছবিসহ আইডি কার্ড ও ডাটাবেইজ প্রণয়ণসহ ডিজিটাল শিক্ষার্থী হাজিরা ব্যবস্থাপনা নিশ্চিতকরণে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা হয়েছে। প্রাথমিক শিক্ষা ব্যবস্থাপনা উন্নয়নে অবকাঠামো নির্মাণ নিশ্চিত করা এবং মানসম্মত শিক্ষা ব্যবস্থা নিশ্চিত করার জন্য পদক্ষেপ গ্রহণ করা । সকল শিক্ষক-শিক্ষার্থীর ডিজিটাল হাজিরা ব্যবস্থা প্রণয়নের জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা । ঝরে পড়া ও স্কুল বহির্ভূত শিশুদের বিদ্যালয়ে আনয়ন এবং তাদের প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণের জন্য সম্ভাব্য সকল উদ্যোগ গ্রহণ করা হবে । সকল শিশুর মানসম্মত শিক্ষা নিশ্চিত করার জন্য সরকারের গৃহীত বিভিন্ন পদক্ষেপ বাস্তবায়নের পাশাপাশি প্রাথমিক বিদ্যালয়ের সাথে স্থানীয় কমিউনিটিকে আরো বেশি সম্পৃক্ত করার উদ্যোগ গ্রহণ করা হবে । সকল শিক্ষককে তাদের যৌক্তিক দাবীনামা আদায় পূর্বক তারা ন্যায্য পাওনা থেকে যেন বঞ্চিত না হন সেদিকেও খেয়াল রাখা ।

## ২০২২-২৩ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহঃ-

- নির্ধারিত সময়ে শিক্ষার্থীদের মধ্যে বিনামূল্যের পাঠ্যবই বিতরণ করা;
- ৩য়, ৪র্থ ও ৫ম শ্রেণির শিক্ষার্থীদের বাংলা ও ইংরেজি পঠন দক্ষতা অর্জন করা;
- প্রাপ্যতাযোগ্য সকল শিক্ষার্থীকে উপবৃত্তি প্রদান ও সকল শিক্ষার্থীকে মিড ডে মিল এর আওতায় আনয়ন;
- এস.ই.এম (SEM) যথাযথ বাস্তবায়ন করা;
- বিদ্যালয় পর্যায়ে খেলাধুলাসহ সহপাঠক্রমিক কার্যক্রম জোরদার করা;
- ই-মনিটরিং-এর আওতায় পরিদর্শন কার্যক্রম ফলপ্রসূ ও কার্যকর করা;
- প্রাথমিক বিদ্যালয়ের সাথে স্থানীয় কমিউনিটিকে সম্পৃক্ত করা;
- সর্বজনীন ও মানসম্মত প্রাথমিক শিক্ষা বাস্তবায়নের জন্য শ্রেণি কক্ষ, নতুন ভবন ও সীমানা প্রাচীর নির্মাণ;
- সর্বজনীন ও বৈষম্যহীন প্রাথমিক শিক্ষা সম্প্রসারণের জন্য নলকূপ স্থাপন এবং ওয়াশ ব্লক নির্মাণ;
- প্রাথমিক শিক্ষা ব্যবস্থায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ব্যবহার বৃদ্ধি;
- কনটেন্টভিত্তিক পাঠদানের জন্য শ্রেণিকক্ষে ল্যাপটপ ও মাল্টিমিডিয়ার কার্যকর ব্যবহার;
- গুণগতমান প্রাথমিক শিক্ষা নিশ্চিত করার জন্য প্রমাপ অনুযায়ী স্কুল পরিদর্শন ও এর কার্যক্রম বৃদ্ধি;
- শিশুদের প্রতিযোগিতার মাধ্যমে দৈহিক, মানসিক, নান্দনিক বিকাশ বৃদ্ধি;
- সঠিক সময়ে ক্লাস্টারের তথ্য প্রদান ও দাপ্তরিক কাজের গতি বৃদ্ধি করা;
- ই-নথির মাধ্যমে অফিসিয়াল/দাপ্তরিক কার্যক্রম পরিচালনা করা;
- প্রয়োজন অনুযায়ী অনলাইন পাঠদান বাস্তবায়ন ও শিক্ষার্থী-অভিভাবকদের সাথে যোগাযোগ বৃদ্ধি করা;
- iBAS++ আওতায় G2P পেমেন্ট EFT সিস্টেমে উপবৃত্তি সুবিধাভোগী নিশ্চিতকরণ;
- শিক্ষার্থীদের শিখন ঘাটতি পূরণে সাপ্তাহিক এবং ধারাবাহিক মূল্যায়ন ও রেকর্ড সংরক্ষণ নিশ্চিত করা;
- RIC এর আওতায় বিদ্যালয়ের সকল শিক্ষার্থীর জন্য স্বাস্থ্য সুরক্ষা সামগ্রী ও স্বাস্থ্যবিধি নিশ্চিত করা।

# প্রস্তাবনা ( Preamble )

সরকারি দপ্তর প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি ,স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করা, সুশাসন সংহতকরণ, সম্পদের যথাযথ ব্যবহার এবং মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

উপজেলা শিক্ষা অফিসার, উখিয়া, কক্সবাজার

এবং

জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, কক্সবাজার
এর মধ্যে
২০২৩ সালের জুন মাসের ০৭তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এ চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হল :

গুলশান আক্তার
উপজেলা শিক্ষা অফিসার
উখিয়া, কক্সবাজার।

এবং

# মনছুর আলী চৌধুরী

## জেলা প্রাথমিক শিক্ষা অফিসার

কক্সবাজার জেলা এর মধ্যে ২০২৩ সালের জুন মাসের

০৭/০৬/২০২৩খ্রিঃ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলঃ

# সেকশন - ১

## উপজেলা শিক্ষা অফিস, উখিয়া, কক্সবাজার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র, কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলীঃ

- ১.১ : **রূপকল্প (Vision):**
- কক্সবাজার জেলাধীন উখিয়া উপজেলার সকল শিশুর জন্য সমতাভিত্তিক ও মানসম্মত প্রাথমিক শিক্ষা।
- ১.২ : **অভিলক্ষ্য (Mission):**
- **প্রাথমিক শিক্ষার সুযোগ সম্প্রসারণ ও গুণগতমান উন্নয়নের মাধ্যমে সকল শিশুর জন্য একীভূত ও মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণ।**
- ১.৩ : **কর্মসম্পাদনের ক্ষেত্রঃ**

১.৩.১ : কর্মসম্পাদনের ক্ষেত্রঃ

- মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণ;
- সর্বজনীন ও বৈষম্যহীন টেকসই মানসম্মত প্রাথমিক শিক্ষা সম্প্রসারণ;
- প্রাথমিক শিক্ষা ব্যবস্থাপনার উন্নয়ন (বিদ্যালয় পর্যায়ে উন্নয়ন পরিকল্পনা)।

১.৩.২ : সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্রঃ

- সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ।

- ১.৪ : **আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য (Obligatory Strategic Objectives)**
  - দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন নিশ্চিত;
  - দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন;
  - কার্যপদ্ধতি ও সেবার মান উন্নয়ন;
  - কর্ম পরিবেশ উন্নয়ন।

আমি উপজেলা শিক্ষা অফিসার ,উখিয়া,কক্সবাজার হিসেবে জেলা প্রাথমিক শিক্ষা অফিসার এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব ।জেলা প্রাথমিক শিক্ষা অফিসার হিসেবে জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, কক্সবাজার এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব ।

স্বাক্ষরিত:

20.6.2026

গুলশান আক্তার
উপজেলা শিক্ষা অফিসার
উখিয়া কক্সবাজার

উপজেলা শিক্ষা অফিসার
উখিয়া, কক্সবাজার ।

তারিখ

20.6.2026

জেলা প্রাথমিক শিক্ষা অফিসার
কক্সবাজার ।

তারিখ

# সূচিপত্র

## উপজেলা শিক্ষা অফিস,উখিয়া,কক্সবাজার কর্মসম্পাদনের সার্বিক চিত্র ও তথ্যাদিঃ


| বিষয় | পৃষ্ঠা নং |
| --- | --- |
| কর্মসম্পাদনের সার্বিক চিত্রঃ<br>[ সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ, সমস্যা ও চ্যালেঞ্জ সমূহ ] | ৩ |
| প্রস্তাবনাঃ<br>[ ভবিষ্যৎ পরিকল্পনা ও ২০২৩-২৪ অর্থ বছরের সম্ভাব্য অর্জনসমূহ ] | ৪ |
| সেকশন ১: উপজেলা শিক্ষা অফিস, উখিয়া, কক্সবাজার রূপকল্প (Vission), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলী | ৬ |
| সেকশন ২: বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/ প্রভাব<br>( Outcome/Impact )<br>[ প্রকৃত অর্জন, লক্ষ্যমাত্রা ও প্রক্ষেপণ ] | ৭ |
| সেকশন ৩: কর্মসম্পাদনের ক্ষেত্র, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদনসূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ<br>[ প্রকৃত অর্জন, লক্ষ্যমাত্রা ও প্রক্ষেপণ ] | ৮ |
| সংযোজনী ১: শব্দসংক্ষেপ | ১৪ |

আমি উপজেলা শিক্ষা অফিসার, উখিয়া, কক্সবাজার হিসেবে জেলা প্রাথমিক শিক্ষা অফিসার এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার হিসেবে জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, কক্সবাজার এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

উপজেলা শিক্ষা অফিসার
উখিয়া, কক্সবাজার ।

20.6.2026
তারিখ

জেলা প্রাথমিক শিক্ষা অফিসার
কক্সবাজার ।

20.6.2026
তারিখ

# সূচিপত্র

**উপজেলা শিক্ষা অফিস,উখিয়া,কক্সবাজার কর্মসম্পাদনের সার্বিক চিত্র ও তথ্যাদিঃ**


| বিষয় | পৃষ্ঠা নং |
| --- | --- |
| কর্মসম্পাদনের সার্বিক চিত্রঃ<br>[ সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ, সমস্যা ও চ্যালেঞ্জ সমূহ ] | ৩ |
| প্রস্তাবনাঃ<br>[ ভবিষ্যৎ পরিকল্পনা ও ২০২৩-২৪ অর্থ বছরের সম্ভাব্য অর্জনসমূহ ] | ৪ |
| সেকশন ১: উপজেলা শিক্ষা অফিস, উখিয়া, কক্সবাজার রূপকল্প (Vission), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলী | ৬ |
| সেকশন ২: বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/ প্রভাব ( Outcome/Impact )<br>[ প্রকৃত অর্জন, লক্ষ্যমাত্রা ও প্রক্ষেপণ ] | ৭ |
| সেকশন ৩: কর্মসম্পাদনের ক্ষেত্র, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদনসূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ<br>[ প্রকৃত অর্জন, লক্ষ্যমাত্রা ও প্রক্ষেপণ ] | ৮ |
| সংযোজনী ১: শব্দসংক্ষেপ | ১৪ |